



বাংলাদেশে নতুন করে বার্ড ফ্লু আক্রান্ত চার শিশু



সংগৃহীত ছবি

বাংলাদেশে নতুন করে চার শিশুর শরীরে এভিয়ান ইনফ্লুয়েঞ্জা বা বার্ড ফ্লু শনাক্ত হয়েছে। আক্রান্ত শিশুদের বয়স এক থেকে আট বছরের মধ্যে। বর্তমানে চিকিৎসা শেষে তারা সবাই সুস্থ রয়েছে বলে জানিয়েছে সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) পরিচালক অধ্যাপক ডা. তাহমিনা শিরিন।

এ নিয়ে চলতি বছরের জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত মোট চার শিশুর দেহে বার্ড ফ্লু শনাক্ত হলো। তবে স্বাস্থ্য বিশেষজ্ঞরা জানিয়েছেন, আক্রান্তদের মধ্যে কারও মৃত্যু হয়নি এবং দ্রুত চিকিৎসা পাওয়ায় সবাই সুস্থ হয়ে উঠেছে।

আইইডিসিআর সূত্র জানায়, ২০০৩ সাল থেকে এ পর্যন্ত বাংলাদেশে মোট ১২ জনের দেহে বার্ড ফ্লু শনাক্ত হয়েছে। এর মধ্যে শুধু ২০২৫ সালের প্রথম আট মাসেই চারটি নতুন সংক্রমণ ধরা পড়েছে। বিশেষজ্ঞরা মনে করছেন, সাম্প্রতিক সময়ে দেশজুড়ে হাঁস-মুরগি ও অন্যান্য পাখির মধ্যে সংক্রমণ ছড়িয়ে পড়ায় মানুষের আক্রান্ত হওয়ার ঝুঁকি বেড়েছে।

এর আগে, চলতি বছরের মার্চ মাসে ঝিনাইদহ জেলায় একটি খামারে পাঁচ বছরের মধ্যে প্রথমবারের মতো হাইলি প্যাথজেনিক এভিয়ান ইনফ্লুয়েঞ্জা (HPAI) ধরা পড়ে। ওই খামারের প্রায় দুই হাজার পাখি মারা যায় এবং বাকি পাখিগুলো নিধন করা হয়।

বিশেষজ্ঞরা বলছেন, শিশুদের মধ্যে সংক্রমণ ধরা পড়ায় বাড়তি সতর্কতা জরুরি। তারা পরামর্শ দিয়েছেন—যেসব এলাকায় হাঁস-মুরগি বা পাখি পালন করা হয়, সেখানে পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে এবং অসুস্থ পাখির সংস্পর্শ থেকে শিশুদের দূরে রাখতে হবে।

সরকার ইতিমধ্যেই নজরদারি বাড়িয়েছে এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এ বিষয়ে নিয়মিত আপডেট পাচ্ছে। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, সংক্রমণ নিয়ন্ত্রণে রাখতে মাঠ পর্যায়ে ভেটেরিনারি দল কাজ করছে এবং জনগণকে আতঙ্কিত না হয়ে সতর্ক থাকার আহ্বান জানানো হয়েছে।